দৈনিক ইনকিলাব

তারিখ 12 AUG 2009
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ১

নীতিমালা জারি

# উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটিতে এমপি হবেন উপদেষ্টা

তালুকদার হারুন

উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটিতে সংসদ সদস্যরা হবেন উপদেষ্টা। আর কমিটির চেয়ারম্যান থাকবেন উপজেলা পরিষদ চেয়ারম্যান। যদি কোন উপজেলা দুটি নির্বাচনী এলাকার অন্তর্ভুক্ত হয় তাহলে দু'জন সংসদ সদস্যই উপদেষ্টা হিসেবে থাকবেন। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানরা পৃঃ ১৫ কঃ ১

## উপজেলা প্রাথমিক শিক্ষা

১৬-এর পৃষ্ঠার পর

পদাধিকারবলে এ কমিটির ভাইস চেয়ারম্যান থাকবেন। বয়োজ্যেষ্ঠতার ভিত্তিতে তাদের ক্রম নির্ধারিত হবে। ১৮ সদস্য বিশিষ্ট উপজেলা শিক্ষা কমিটিতে উপজেলা শিক্ষা অফিসার সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। গত ১০ আগস্ট প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত নীতিমালা জারি হয়েছে। ঘোষিত নীতিমালায় উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সদস্য থাকবেন উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী, পৌরসভার মেয়র, একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সংসদ সদস্য কর্তৃক মনোনীত), উপজেলার অন্তর্ভুক্ত মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক/শিক্ষিকা, উপজেলার একজন বিশিষ্ট শিক্ষানুরাগী (মহিলা), একজন বিশিষ্ট শিক্ষানুরাগী (পুরুষ)। এরা দু'জনই সংসদ সদস্য কর্তৃক মনোনীত হবেন। সরকারী প্রাথমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির একজন সভাপতি, বেসরকারী রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির একজন সভাপতি, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক/শিক্ষিকা, রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক/শিক্ষিকা এবং উপজেলা রিসোর্স সেন্টারের ইন্সট্রাক্টর এই কমিটিতে সদস্য থাকবেন।

এই কমিটির মেয়াদ হবে ৩ বছর। কমিটির মেয়াদ শেষ হওয়ার ৬ মাস আগে উপজেলা শিক্ষা অফিসার নতুন কমিটি গঠনের বিষয়টি স্থানীয় সংসদ সদস্য ও উপজেলা চেয়ারম্যানকে জানাবেন।

উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা, শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি ও শিক্ষকদের সঠিকভাবে দায়িত্ব পালনের বিষয়টি তত্ত্বাবধান করবে। উপজেলার প্রাথমিক শিক্ষার সার্বিক অবস্থা ও অগ্রগতি পর্যালোচনা করবে কমিটি। সরকারী নির্দেশনা অনুযায়ী উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী শিক্ষা অফিসাররা প্রাথমিক বিদ্যালয় নিয়মিতভাবে পরিদর্শিত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করবেন। কমিটি উপজেলার বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রেজিস্ট্রেশনের ক্ষেত্রে সুপারিশ করবে। এছাড়া উপজেলার প্রাথমিক বিদ্যালয় পুনঃনির্মাণ ও মেরামতের জন্য অগ্রাধিকার তালিকাও প্রণয়ন করবে কমিটি।